খবর

# প্রশ্ন ফাঁসের বিষয়ে সতর্ক সব গোয়েন্দা সংস্থা :শিক্ষামন্ত্রী

## জেএসসি-জেডিসি পরীক্ষায় প্রথম দিন অনুপস্থিত ৬৬,১৯৪ জন

**প্রকাশ:** ১২ ঘণ্টা আগে | Like 0 | Share 0

**সমকাল প্রতিবেদক**




(https://samakal.com/revive/www/delivery/ck.php?
oaparams=2__bannerid=150__zoneid=81__cb=de7200ac6d__oadest=https%3A%2F%2Fbit.ly%2F32Gp8AT)



(JavaScript:void(0))

দেশজুড়ে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) ও জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষা শুরু হয়েছে গতকাল শনিবার। এতে অংশ নেয় ২৩ লাখ ৮২ হাজার ৭৯৪ শিক্ষার্থী। আর অনুপস্থিত ছিল ৬৬ হাজার ১৯৪ জন। সারাদেশে ৩৮ জন শিক্ষার্থী অসদুপায় অবলম্বনের দায়ে বহিস্কার হয়েছে। এর মধ্যে ঢাকা বোর্ডে ২, রাজশাহী বোর্ডে ৫, কুমিল্লায় ২, বরিশালে ৮, দিনাজপুরে ১, ময়মনসিংহে ১৮ এবং মাদ্রাসা শিক্ষা বোর্ডে ২ জন। আন্তঃশিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রণ কক্ষের সূত্রে এ তথ্য পাওয়া গেছে। এ পরীক্ষার মধ্য দিয়ে ময়মনসিংহ বোর্ডের অধীনে প্রথম পরীক্ষা শুরু হলো।

গতকাল প্রথম দিনে পরীক্ষা শুরু হয় সকাল ১০টায়। অনুষ্ঠিত হয় জেএসসির বাংলা এবং জেডিসির কোরআন মাজিদ ও তাজবিদ বিষয়ের পরীক্ষা। পরীক্ষা শেষ হবে আগামী ১৩ নভেম্বর।

গতকাল সকালে পরীক্ষা কেন্দ্র পরিদর্শনে গিয়ে শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেন, 'বিগত সময়ে একটি চক্র সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রশ্নপত্র ফাঁসের গুজব ছড়িয়ে মানুষের সঙ্গে প্রতারণা করেছে। প্রশ্ন ফাঁসের কথা বলে টাকা-পয়সা হাতিয়ে নিয়েছে সাধারণ মানুষের কাছ থেকে। এবার এ ব্যাপারে আমাদের গোয়েন্দা সংস্থাগুলো যথেষ্ট সতর্ক রয়েছে।'

তিনি বলেন, এবার জেএসসি-জেডিসি পরীক্ষায় এখন পর্যন্ত কোনো প্রশ্নপত্র ফাঁসের ঘটনা ঘটেনি, আশা করি ঘটবেও না।

শিক্ষামন্ত্রী শনিবার সকালে রাজধানীর পার্শ্ববর্তী কেরানীগঞ্জ উপজেলার জিনজিরা পি এম পাইলট উচ্চ বিদ্যালয় অ্যান্ড কলেজ কেন্দ্র পরিদর্শন করেন।

কেন্দ্র পরিদর্শন শেষে শিক্ষামন্ত্রী বলেন, এ কেন্দ্রে পর্যাপ্ত আলো-বাতাস রয়েছে। সব নিয়ম-কানুন মানা হয়েছে। পরীক্ষা শুরু হওয়ার আগেই আমরা কেন্দ্র পরিদর্শন করেছি। কেননা পরীক্ষার সময় পরিদর্শনে গেলে শিক্ষার্থীদের অসুবিধা হয়।

তিনি অভিভাবকদের উদ্দেশে বলেন, আপনাদের সন্তানদের পরীক্ষা কেন্দ্রে ভালো প্রস্তুতি নিয়ে পাঠাবেন। তাহলে মেধা অনুযায়ী তাদের ফল আসবে। আপনারা যদি সন্তানের ভালো ফলে জন্য অনৈতিক পদ্ধতি অবলম্বন করেন, তবে তাদের ভবিষ্যৎ নষ্ট হয়ে যাবে।

কেন্দ্র পরিদর্শনকালে শিক্ষা-উপমন্ত্রী ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী নওফেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সিনিয়র সচিব মো. সোহরাব হোসাইন, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক ড. সৈয়দ মো. গোলাম ফারুক, ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মু. জিয়াউল হক, নির্বাহী ম্যাজিস্ট্রেট ও সহকারী কমিশনার (ভূমি) কেরানীগঞ্জ সার্কেল কামরুল হাসান সোহেল, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা নিলুফার জাহান প্রমুখ উপস্থিত ছিলেন।

সকাল থেকে সারাদেশে সুষ্ঠু ও শান্তিপূর্ণ পরিবেশে পরীক্ষা শুরু হয়। দেশের ২৯ হাজার ৭৩টি কেন্দ্রে অনুষ্ঠিত হচ্ছে এ বছরের এ পরীক্ষা।

চট্টগ্রামে শান্তিপূর্ণভাবে পরীক্ষা অনুষ্ঠিত : চট্টগ্রাম ব্যুরো জানায়, জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) পরীক্ষার প্রথম

দিনের পরীক্ষা শান্তিপূর্ণভাবে সম্পন্ন হয়েছে। চট্টগ্রাম শিক্ষা বোর্ডের অধীনে গতকাল শনিবার সকালে অনুষ্ঠিত বাংলা প্রথম পত্র বিষয়ের পরীক্ষায় অনুপস্থিত ছিল তিন হাজার ৪৬১ পরীক্ষার্থী। তবে কোনো পরীক্ষার্থী বহিস্কার হয়নি। এদিকে, মাদ্রাসা বোর্ডের অধীনে অনুষ্ঠিত জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষায়ও প্রথম দিন কোরআন মাজিদ ও তাজবিদ বিষয়ের পরীক্ষায় ৭১৭ পরীক্ষার্থীর অনুপস্থিত থাকার তথ্য নিশ্চিত করেছে জেলা প্রশাসন।

(https://samakal.com/print/19116400/print) মন্তব্য করুন

(http://a-great-in-hair-transplant.fyi?
sub_id=taboola_3050444_System1_HairTransplant_Desktop_SaudiArabia_samakal&ref=taboola_samakal&compkey=hair+transplant+cost+dubai&fbid=41921396

**The Cost of Hair Transplant in Dubai May Surprise You**

| Sponsored **(https://popup.taboola.com/bn/?template=colorbox&utm_source=samakal&utm_medium=referral&utm_content=thumbs-feed-01:Below Arti**

(http://a-great-in-hair-transplant.fyi?
sub_id=taboola_3050444_System1_HairTransplant_Desktop_SaudiArabia_samakal&ref=taboola_samakal&compkey=hair+transplant+cost+dubai&fbid=41921396

(https://samakal.com/whole-country/article/1908844)

## 'ওসি একাই ৩ বার ধর্ষণ করে'

(https://samakal.com/whole-country/article/1908844)

(https://www.samakal.com/international/article/1903951/দুরাবস্থা-দেখে-মালিককে-টাকা-ফেরত-দিল-ডাকাত)

## অ্যাকাউন্টের দুরাবস্থা দেখে মালিককে টাকা ফেরত দিল ডাকাত!

(https://www.samakal.com/international/article/1903951/দুরাবস্থা-দেখে-মালিককে-টাকা-ফেরত-দিল-ডাকাত)

(https://samakal.com/bangladesh/article/19021772/ওপর-সেতুমন্ত্রীর-অনেক-ক্ষোভ-প্রধানমন্ত্রী)

## আমার ওপর সেতুমন্ত্রীর অনেক ক্ষোভ: প্রধানমন্ত্রী

(https://samakal.com/bangladesh/article/19021772/ওপর-সেতুমন্ত্রীর-অনেক-ক্ষোভ-প্রধানমন্ত্রী)

(https://samakal.com/entertainment/article/1604205472)

## 'দাবাং ৩' নায়িকার নগ্ন ছবি ফাঁস!

(https://samakal.com/entertainment/article/1604205472)

(https://samakal.com/whole-country/article/19091424/হারানোর-আগে-রিকশাচালককে-যে-কথা-বলেছিলেন-রিফাত)

## জ্ঞান হারানোর আগে রিকশাচালককে যে কথা বলেছিলেন রিফাত

(https://samakal.com/whole-country/article/19091424/হারানোর-আগে-রিকশাচালককে-যে-কথা-বলেছিলেন-রিফাত)

(https://samakal.com/entertainment/article/19091652/আর্থিক-সহায়তা-দিল-চলচ্চিত্র-শিল্পী-সমিতি)

## মৌসুমীকে আর্থিক সহায়তা দিল চলচ্চিত্র শিল্পী সমিতি

(https://samakal.com/entertainment/article/19091652/আর্থিক-সহায়তা-দিল-চলচ্চিত্র-শিল্পী-সমিতি)

(https://samakal.com/entertainment/article/1904942)

## ছেলের বিয়েতে নাচলেন নায়ক রুবেল

(https://samakal.com/entertainment/article/1904942)

(https://samakal.com/whole-country/article/1902705)

## 'আমার ফাঁসি চাই'

(https://samakal.com/whole-country/article/1902705)

(https://samakal.com/whole-country/article/19101275/সেতুতে-খুঁটির-ওপর-বসানো-যাচ্ছে-না-স্প্যান)

## পদ্মা সেতুতে খুঁটির ওপর বসানো যাচ্ছে না স্প্যান

(https://samakal.com/whole-country/article/19101275/সেতুতে-খুঁটির-ওপর-বসানো-যাচ্ছে-না-স্প্যান)

(https://samakal.com/bangladesh/article/19012036/রায়-শুনেও-কাঠগড়ায়-নিশ্চুপ-স্নিগ্ধা)

## ফাঁসির রায় শুনেও কাঠগড়ায় নিশ্চুপ স্নিগ্ধা

(https://samakal.com/bangladesh/article/19012036/রায়-শুনেও-কাঠগড়ায়-নিশ্চুপ-স্নিগ্ধা)

(https://samakal.com/capital/article/19101012/ঠিক-ছিল-না-টানা-এক-ঘণ্টা-পিটিয়েছি)

## মাথা ঠিক ছিল না, টানা এক ঘণ্টা পিটিয়েছি

(https://samakal.com/capital/article/19101012/ঠিক-ছিল-না-টানা-এক-ঘণ্টা-পিটিয়েছি)

(https://www.samakal.com/entertainment/article/1904347/রাত-কম্প্রোমাইজ-করতে-বলেছিলেন-প্রযোজক)

## 'এক রাত কম্প্রোমাইজ করতে বলেছিলেন প্রযোজক'

**Samakal**

(https://www.samakal.com/entertainment/article/1904347/রাত-কম্প্রোমাইজ-করতে-বলেছিলেন-প্রযোজক)

(https://www.samakal.com/lifestyle/article/19031909/বাড়ে-যেসব-খাবার-খেলে)

## ডায়াবেটিস বাড়ে যেসব খাবার খেলে

**Samakal**

(https://www.samakal.com/lifestyle/article/19031909/বাড়ে-যেসব-খাবার-খেলে)

অন্যান্য

 দণ্ডিত ১০ জনই পলাতক (https://samakal.com/todays-print-edition/tp-khobor/article/19116496/দণ্ডিত-১০-জনই-পলাতক)

 ভুয়া লাইসেন্সে আগ্নেয়াস্ত্র রাখার দিন শেষ (https://samakal.com/todays-print-edition/tp-khobor/article/19116495/ভুয়া-লাইসেন্সে-আগ্নেয়াস্ত্র-রাখার-দিন-শেষ)

 মত প্রকাশে সবাইকে সোচ্চার হতে হবে (https://samakal.com/todays-print-edition/tp-khobor/article/19116494/-মত-প্রকাশে-সবাইকে-সোচ্চার-হতে-হবে)

 প্রধানমন্ত্রীকে চিঠি দেবে বিএনপি (https://samakal.com/todays-print-edition/tp-khobor/article/19116493/-প্রধানমন্ত্রীকে-চিঠি-দেবে-বিএনপি)

 এখনও কাউন্সিলর রাজীবের নাম ভাঙাচ্ছে ইয়াবা কারবারিরা! (https://samakal.com/todays-print-edition/tp-khobor/article/19116492/এখনও-কাউন্সিলর-রাজীবের-নাম-ভাঙাচ্ছে-ইয়াবা-কারবারিরা)

আরও (https://samakal.com/list/tp-khobor)

(https://www.facebook.com/TheDailySamakal/) (https://twitter.com/samakaltw)
(https://www.youtube.com/channel/UCvuyokFrRk7Eix03D7izTPQ)

(https://www.instagram.com/daily_samakal)

© সমকাল ২০০৫ - ২০১৯

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি । প্রকাশক : এ. কে. আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন : +৮৮০১৯১১০৩০৫৫৭, +৮৮০১৯১৫৬০৮৮১২ (প্রিন্ট), +৮৮০১৮১৫৫৫২৯৯৭ (অনলাইন) |

ইমেইল: samakalad@gmail.com (প্রিন্ট), ad.samakalonline@outlook.com (অনলাইন)

PRIVACY POLICY (https://samakal.com/privacy) | TERMS OF USE (https://samakal.com/terms) | SAMAKAL ALL RIGHTS RESERVED